রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৯, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৮ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৫ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৮ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৩৯/২০২৬

## বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) আইন, ২০২১ এর সংশোধনকল্পে আনীত

# বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) আইন, ২০২১ (২০২১ সনের ২৪ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) (সংশোধন) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।


মূল্য : টাকা ৪·০০

২। **২০২১ সনের ২৪ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) আইন, ২০২১ (২০২১ সনের ২৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (খ) ও (গ) বিলুপ্ত হইবে।

৩। **২০২১ সনের ২৪ নং আইনের ধারা ৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৮ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিবারের সদস্যগণ" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত ", জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিবারের সদস্যগণ" কমা ও শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(গ) উপ-ধারা (৪) এ দুইবার উল্লিখিত "বা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিবারের সদস্যগণ" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। **২০২১ সনের ২৪ নং আইনের ধারা ৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৯ এর উপ-ধারা (২) এ উল্লিখিত ", জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিবারের সদস্যগণ" কমা ও শব্দগুলি বিলুপ্ত হইবে।

৫। **রহিতকরণ ও হেফাজত।—(১)** বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সনের ০৮ নং অধ্যাদেশ) এতদ্দারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা বৈধভাবে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) (সংশোধন) আইন, ২০২৬ এর মাধ্যমে শেখ মুজিবুর রহমান এর পরিবারের সদস্যগণের নিরাপত্তা প্রদান সংক্রান্ত বিধানাবলি বাতিল হয়েছে উক্ত অধ্যাদেশের বিধানসমূহ কার্যকর রাখা এবং তা স্থায়ী আইনে রূপান্তর করা সমীচীন ও প্রয়োজন। সেই লক্ষ্যে 'বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) (সংশোধন) আইন, ২০২৬' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**তারেক রহমান**

ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd